দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

14

তারিখ 28 JAN 1989
পৃষ্ঠা 1 কলাম 3

## ডাকসু নির্বাচন

# বাছাইয়ের পর প্রার্থীদের প্রাথমিক তালিকা প্রকাশ

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা।)

আগামী ৮ই ফেব্রুয়ারী অনুষ্ঠেয় ডাকসু নির্বাচনের জন্য পেশ করা মনোনয়নপত্র বাছাইয়ের পর প্রার্থীদের প্রাথমিক তালিকা গতকাল শুক্রবার প্রকাশ করা হয়েছে। হল সংসদগুলোর জন্য পেশ করা মনোনয়নপত্রের বাছাইশেষে প্রার্থীদের প্রাথমিক তালিকা হলে হলে টাঙ্গিয়ে দেয়া হয়েছে।

ডাকসুর ২০টি পদের জন্য মোট ২৬৬টি মনোনয়নপত্র জমা পড়ে। বাছাইয়ের সময় ৫টি বাতিল

(শেষ পৃ: ১-এর ক: দ্র:)

## ডাকসু নির্বাচন

(১ম পাতার পর)

হয়ে গেছে এবং কিছু জটিলতার কারণে ২৮টি বিবেচনাধীন আছে বলে জানা গেছে।

বিবেচনাধীন প্রার্থীদেরকে আজ নির্বাচন কমিশনের সাথে যোগাযোগ করতে বলা হয়েছে। প্রাথমিকভাবে গৃহীত বাকী ২৩৩টি মনোনয়নপত্রের মধ্যে রয়েছে সহ-সভাপতি পদের জন্য ১৬ জন, সাধারণ সম্পাদক পদে ২০ জন, সহ-সাধারণ সম্পাদক পদে ১৫জন, ছাত্র মিলনায়তন, বিজ্ঞান মিলনায়তন ও সাহিত্য সম্পাদক পদে ১৩ জন করে, ক্রীড়া ও পরিবহন সম্পাদক পদে ১৫ জন করে, সামাজিক আপ্যায়ন সম্পাদক (সাংস্কৃতিক সম্পাদক) ও সমাজসেবা সম্পাদক পদে ১৪ জন করে, ছাত্রী মিলনায়তন সম্পাদিকা পদে ৯ জন এবং ৯টি সদস্য পদে ৭৬ জন।

সহ-সভাপতি পদে ১৬ জন প্রার্থীর মধ্যে রয়েছেন সুলতান মোহাম্মদ মনসুর আহমদ (৬ দলীয় জোট), শামসুজ্জামান দুদু (ছাত্রদল), আবেদ রাজা (৩ দলীয় জোট), মোস্তফা ফারুক ও আশরাফুল হক মুকুল (সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট), আখতার সোবহান মাসরুর (গণতান্ত্রিক ছাত্র ইউনিয়ন), শামসুল ইসলাম ও সৈয়দ আবদুল্লাহ মোহাম্মদ তাহের (শিবির), খন্দকার মুছলেহউদ্দিন আহমেদ (২ দলীয় জোট), আবুবকর সিদ্দিক, কামাল উদ্দিন (ওবায়েদপন্থী ছাত্রদল), জালাল আহমেদ খান, মিজানুর রহমান মিয়া, আবুল কাসেম আবু, ফয়জুল হাকিম (ছাত্র ফেডারেশন) ও শাহ-ই-আজম (রবপন্থী ছাত্র লীগ)।

সাধারণ সম্পাদক পদপ্রার্থীরা হচ্ছেন মুশতাক হোসেন (৬ দলীয় জোট), আসাদুজ্জামান রিপন ও আমানুল্লাহ আমান (ছাত্রদল), রানা হামিদ (৩ দলীয় জোট), বজলুর রশীদ ফিরোজ (সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট), সিরাজুম মুনীর (ছাত্র মৈত্রী), জসীমউদ্দীন (গণতান্ত্রিক ছাত্র ইউনিয়ন) আমিনুল ইসলাম মুকুল (শিবির), আবুল বাশার লস্কর (ওবায়েদপন্থী ছাত্রদল), আবুল কাশেম, গোলাম মঈনউদ্দিন, নুরুদ্দিন আহমেদ, ফখরুল আবিদ মাহমুদ, আজম খান মজলিশ, আজহারুল ইসলাম, আবদুল হামিদ সরকার, গোলাম ফারুক, মোশারেফ হোসেন, শফিকুল ইসলাম সিদ্দিকী ও শেখ আনসার আলী।

যে ৫ জনের মনোনয়নপত্র বাতিল হয়েছে তাদের মধ্যে ২জন সহ-সভাপতি, একজন সমাজকল্যাণ সম্পাদক, একজন নাট্য সম্পাদক (এই নামে কোন পদ নেই) এবং একজন সদস্য পদ প্রার্থী রয়েছেন। এদের মধ্যে ছাত্র মৈত্রীর একজন এবং ছাত্রদলের দু'জন প্রার্থী রয়েছেন বলে জানা গেছে।

অন্য দিকে ঐক্যবদ্ধভাবে নির্বাচনের জন্য ছাত্র সংগ্রাম পরিষদভুক্ত সংগঠনগুলো নিজেদের মধ্যে সমঝোতায় আসার লক্ষ্যে গতরাতে আবার বৈঠকে বসেছে, এ রিপোর্ট লেখা পর্যন্ত সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট অফিসে বৈঠক চলছিল।